# কুমিল্লায় তরুণীকে অচেতন করে ধর্ষণের অভিযোগ, সাবেক সমন্বয়কের বিরুদ্ধে তদন্তে পিবিআই



সংগৃহীত ছবি

কুমিল্লার তিতাসে বেড়াতে যাওয়ার কথা বলে এক তরুণীকে কোমল পানীয়ের সঙ্গে নেশাদ্রব্য খাইয়ে অচেতন করে হোটেলে নিয়ে ধর্ষণের অভিযোগ উঠেছে নূর মোহাম্মদ নামের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের এক সাবেক সমন্বয়কের বিরুদ্ধে।

উক্ত ঘটনায় ভুক্তভোগী বৃহস্পতিবার (২১ আগস্ট) কুমিল্লার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে একটি মামলা দায়ের করেন। আদালত মামলাটি আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) তদন্তের নির্দেশ দিয়েছেন।

অভিযুক্ত নূর মোহাম্মদ তিতাস উপজেলার কালাচান কান্দি এলাকার আব্দুল আউয়ালের ছেলে। তিনি বিলুপ্ত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কুমিল্লা জেলা কমিটির তিতাস উপজেলা সমন্বয়ক ছিলেন।

মামলার এজাহারে উল্লেখ করা হয়, একই এলাকার বাসিন্দা হওয়ায় নূর মোহাম্মদের সঙ্গে ভুক্তভোগীর পরিচয় ছিল। সেই সুবাদে তিনি বিভিন্ন সময়ে তরুণীকে ঘনিষ্ঠ হওয়ার প্রস্তাব দেন এবং বিয়ের প্রলোভন দেখিয়ে শারীরিক সম্পর্কের জন্য চাপ সৃষ্টি করতেন। গত ১৬ জুলাই দুপুরে আত্মীয়ের বাড়িতে দাওয়াত খাওয়ানোর কথা বলে তিনি তরুণীকে মাইক্রোবাসে তোলেন। পথে কোমল পানীয় খাওয়ানোর পর ভুক্তভোগী জ্ঞান হারিয়ে ফেলেন। এরপর তাকে একটি অজ্ঞাত হোটেলে নিয়ে ধর্ষণ করা হয়।

পরে ভুক্তভোগীকে মাইক্রোবাসে করে নিজ বাড়ির সামনে ফেলে রেখে পালিয়ে যান নূর মোহাম্মদ। শারীরিক অবস্থার অবনতি হলে তিনি পরিবারকে বিষয়টি জানান। তবে স্থানীয় থানায় মামলা করতে গেলে পুলিশ আদালতে মামলা করার পরামর্শ দেয়।

ভুক্তভোগী অভিযোগ করে বলেন, “নূর মোহাম্মদ আমার জীবন ধ্বংস করেছে, উল্টো এখন আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। আমি ন্যায়বিচার চাই।”

এ বিষয়ে জানতে নূর মোহাম্মদের সঙ্গে একাধিকবার ফোন ও বার্তা পাঠানো হলেও কোনো সাড়া পাওয়া যায়নি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিলুপ্ত কমিটির কুমিল্লা জেলা সমন্বয়ক ও বর্তমান জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সমন্বয়কারী মোহাম্মদ সাকিব হোসাইন বলেন, “বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় কমিটি ছাড়া অন্য সব কমিটি বিলুপ্ত করা হয়েছে। সংগঠন চালু থাকলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া যেত, এখন সে সুযোগ নেই।”

বাদীপক্ষের আইনজীবী মুহাম্মদ ওমর শরীফ বলেন, “আদালত মামলাটি গ্রহণ করে পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন। আমরা বিশ্বাস করি, সুষ্ঠু তদন্তের মাধ্যমে ভুক্তভোগী ন্যায়বিচার পাবেন।”